

আপনার জীবন বাঁচান

এই জন্ম-পরবর্তী সতর্কতা চিহ্নগুলির জন্য পরিচর্যা পান

বেশিরভাগ মহিলা এবং প্রসবোত্তর ব্যক্তি জন্ম দেওয়ার পরে কোনও সমস্যা ছাড়াই সেরে ওঠেন। কিন্তু জন্মের পর এক বছর পর্যন্ত যে কারোরই জটিলতা থাকতে পারে। প্রসব-পরবর্তী এই আশঙ্কাজনক লক্ষণগুলি চিনতে শেখা এবং কী করতে হবে তা জানাটা আপনার জীবন বাঁচাতে পারে।

আপনার সহজাত প্রবৃত্তির
উপর ভরসা করুন।
আপনি যদি ভালো বোধ না করেন,
বা আপনার কোনও প্রশ্ন বা উদ্বেগ
থাকে তাহলে অবশ্যই চিকিৎসা
পরিসেবা নিন।

911-এ কল
করুন,
যদি আপনার থাকে:

- বুকে ব্যথা
- শ্বাস নিতে কষ্ট বা দমের ঘাটতি
- খিঁচুনি
- নিজেকে বা অন্য কাউকে আঘাত করার চিন্তা

আপনার স্বাস্থ্যসেবা
প্রদানকারীকে
কল করুন

যদি আপনার থাকে:
(আপনার যে কোনও একটা
লক্ষণ থাকলেই হবে)
(যদি আপনি আপনার স্বাস্থ্যসেবা
প্রদানকারীর সাথে যোগাযোগ
করতে না পারেন, তবে 911
নম্বরে কল করুন বা কোনও
আপদকালীন কক্ষে যান)

- রক্তপাত হওয়া, ঘণ্টায় একটা প্যাড ভিজে যাওয়া, রক্তের দলা -
ডিমের আকারের বা তার চেয়ে বড়
- চিরে যাওয়া যা নিরাময় হচ্ছে না
- পা ফোলা বা লাল হয়ে যাওয়া, যা ছুঁলে ব্যথা বা উষ্ণ লাগে
- 100.4°F বা তার বেশি বা 96.8°F বা কম তাপমাত্রা
- মাথাব্যথা যা ওষুধ খাওয়ার পরেও ভাল হচ্ছে না, বা চোখের পাওয়ার
পরিবর্তনের সাথে খারাপ ধরনের মাথাব্যথা

911 বা
আপনার
স্বাস্থ্যসেবা
প্রদানকারীকে
জানান:

“আমি _____ তারিখ সন্তান জন্ম
(তারিখ)
দিয়েছি এবং আমার _____।”
(নির্দিষ্ট আশঙ্কাজনক লক্ষণগুলি)



একাধিক ভাষায় এই
হ্যান্ডআউটটি ডাউনলোড
করতে এখানে স্ক্যান করুন।

এই প্রসব-পরবর্তী সতর্কীকরণ চিহ্নগুলি প্রাণ-সংশয়ের কারণ হতে পারে যদি আপনি এখনই চিকিৎসা সেবা না পান কারণ:

- বুকে ব্যথা, শ্বাস নিতে বাধা বোধ করা বা দমের ঘাটতি (শ্বাস নিতে সমস্যা)-
এর অর্থ হতে পারে আপনার ফুসফুসে রক্ত জমাট বাঁধার বা হার্টের কোনও
সমস্যা আছে
- খিঁচুনি মানে আপনার একলাস্পসিয়া নামক সমস্যা থাকতে পারে
- নিজেকে বা অন্য কাউকে আঘাত করতে চাওয়ার চিন্তা বা অনুভূতির অর্থ
হতে পারে আপনার প্রসবোত্তর অবসাদ রয়েছে
- (ভারী) রক্তপাত, এক ঘন্টায় একাধিক প্যাড পুরো ভিজে যাওয়া বা ডিমের
আকারের বা আরও বড় রক্তের দলা বের হওয়ার মানে আপনার প্রসবকালীন
রক্তক্ষরণ হয়েছে
- চিরে যাওয়া যা নিরাময় হচ্ছে না, লালচে ভাব বৃদ্ধি বা এপিসিওটমি, যোনির
ক্ষত বা সি-সেকশন সাইট থেকে পুঁজ বেরনোর অর্থ হতে পারে আপনার
কোনও সংক্রমণ হয়েছে
- আপনার পায়ের কাফ মাসলের জায়গায় লালচে ভাব, ফোলা ভাব, উষ্ণতা
বা ব্যথার মানে আপনার রক্ত জমাট বেঁধেছে
- তাপমাত্রা 100.4°F বা তার বেশি বা 96.8°F বা কম হওয়া, দুর্গন্ধযুক্ত
যোনিপথের রক্ত বা স্রাবের অর্থ হতে পারে আপনার কোনও সংক্রমণ আছে
- (খুব বেদনাদায়ক) মাথাব্যথা, চোখের পাওয়ার পরিবর্তন, বা আপনার
পেটের উপরের ডানদিকে ব্যথা-র অর্থ হতে পারে আপনার উচ্চ রক্তচাপ বা
প্রসব-পরবর্তী প্রিইল্যাম্পসিয়া হয়েছে